

জাবিতে ছিনতাইয়ের পর ছাত্রীকে ধর্ষণের চেষ্টা, গ্রেপ্তার ২



প্রতীকী ছবি

জাবি প্রতিনিধি

প্রকাশ: ২৭ জুন ২০২৪ | ০৪:২৮



ক্যাম্পাসে ছিনতাইয়ের শিকার হয়েছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) এক ছাত্রীসহ দুই শিক্ষার্থী। তাদের মোবাইল ফোন ছিনতাইয়ের পর আটকে রেখে টাকা দাবি করে দুর্বৃত্তরা। এ সময় মেয়েটিকে ধর্ষণচেষ্টাও করে বহিরাগত তিন যুবক। তারা ২০ লাখ টাকাও দাবি করে। গত মঙ্গলবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের বোটানিক্যাল গার্ডেন এলাকায় এ ঘটনা ঘটে।

ভুক্তভোগী ছাত্রী আশুলিয়া থানায় ধর্ষণচেষ্টার মামলা করেছেন বলে জানান আশুলিয়া থানার ওসি এ এফ এম সায়েদ। তিনি বলেন, মঙ্গলবার রাতে মামলা হয়েছে। দুই আসামি নাজমুল হাসান ও মো. আলামিনকে গতকাল আদালতে পাঠানো হয়। আরেকজন পলাতক। তার নামও আলামিন।

UNIBOTS

অভিযুক্ত নাজমুল হাসান সাভারের লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে (বিপিএটিসি) চতুর্থ শ্রেণির কর্মচারী। তার বাড়ি পটুয়াখালী জেলার কলাপাড়া থানার খলিলপুর গ্রামে। আর আলামিন একই প্রতিষ্ঠানে উন্নয়ন প্রকল্পে দৈনিক মজুরি ভিত্তিতে কর্মরত। তার গ্রামের বাড়ি চাঁদপুর জেলার হাজীগঞ্জে।

বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা শাখা ও ভুক্তভোগীদের সূত্রে জানা যায়, হিসাববিজ্ঞান বিভাগের ৪৯ ব্যাচের শিক্ষার্থী রুহুল আমিন ও মার্কেটিং বিভাগের এক ছাত্রী মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে বোটানিক্যাল গার্ডেনের পাশ দিয়ে মনপুরা এলাকার দিকে যাচ্ছিলেন। এ সময় তিন

দুর্বৃত্ত তাদের পথরোধ করে। তারা মোবাইল ফোন ছিনিয়ে নেয় ও ২০ লাখ টাকা দাবি করে। অন্যথায় ছাত্রীকে হত্যার হুমকি দেয়। এক পর্যায়ে মেয়েটিকে ধর্ষণচেষ্টা করে তারা। প্রায় তিন ঘণ্টা আটক করে রাখার পর রুহুল আমিন ১ লাখ টাকা আনার কথা বলে সুকৌশলে বন্ধুদের ফোন করেন। পরে বিশ্ববিদ্যালয়ের কয়েকজন শিক্ষার্থী গিয়ে তাদের উদ্ধার করেন। এ সময় দুই ছিনতাইকারীকে পিটিয়ে আশুলিয়া থানায় দেওয়া হয়। আরেকজন পালিয়ে যায়। ভুক্তভোগী ছাত্রী প্রস্ট্রের কাছে অভিযোগ দেওয়ার পাশাপাশি থানায় মামলা করেন।

বিশ্ববিদ্যালয়ের প্রস্ট্র অধ্যাপক আলমগীর কবির বলেন, অভিযুক্তরা বহিরাগত হওয়ায় থানা পুলিশ আইনি ব্যবস্থা নেবে।